EMBASSY OF THE UNITED STATES OF AMERICA
PUBLIC AFFAIRS SECTION
TEL: 880-2-55662000
FAX: 880-2-9881677, 9885688
E-MAIL: DhakaPA@state.gov
WEBSITE: http://dhaka.usembassy.gov

মিডিয়া নোট

যুক্তরাষ্ট্র-বাংলাদেশ বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা ফোরাম চুক্তি (টিকফা) বৈঠক

২২শে নভেম্বর, ২০১৫, ঢাকা -- যুক্তরাষ্ট্র দূতাবাস ঢাকা ঘোষণা করছে যে যুক্তরাষ্ট্রের দক্ষিণ এশিয়া বিষয়ক সহকারী বাণিজ্য প্রতিনিধি মাইকেল ডিলানি এবং বাংলাদেশের জ্যেষ্ঠ বাণিজ্য সচিব হেদায়েতুল্লাহ আল মামুন আগামী ২৩ শে নভেম্বর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে অনুষ্ঠিতব্য টিকফা ফোরাম-এর উদ্বোধনী বৈঠকে সহ-সভাপতিত্ব করবেন।

২০১৩ সালের ২৫শে নভেম্বর যুক্তরাষ্ট্র বাংলাদেশের সাথে বাণিজ্য ও বিনিয়োগ সহযোগিতা ফোরাম চুক্তি (টিকফা) স্বাক্ষর করে যা দ্বারা একটি বার্ষিক ফোরাম প্রতিষ্ঠিত হওয়ার মাধ্যমে দ্বিপাক্ষীয় বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির প্রতিবন্ধকতাগুলোকে চিহ্নিত করা যাবে। এই বছরের টিকফা সভায় যুক্তরাষ্ট্র-বাংলাদেশের মধ্যকার বাণিজ্য আরো বাড়ানোর জন্য কাজ করা হবে যা ইতিমধ্যেই ৬শ' কোটি ডলার ছাড়িয়ে গেছে।

ঢাকাস্থ যুক্তরাষ্ট্র দূতাবাসের মিশন উপপ্রধান ডেভিড মিলি দ্বিতীয় টিকফা সভায় যুক্তরাষ্ট্র দূতাবাসের হয়ে প্রতিনিধিত্ব করবেন। তিনি বলেছেন, "এই দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্ভাবনাকে আরও বিস্তৃত করাই হচ্ছে টিকফা যার মধ্যে রয়েছে নতুন অনেক সম্ভাবনাময় দিক যেমন, ওষুধ শিল্প থেকে শুরু করে অবকাঠামোগত উন্নয়নে বিনিয়োগ ও তথ্য প্রযুক্তি "।

==========